

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০৭২.১৪-১২৮৪

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪৩০
২৮ নভেম্বর ২০২৩

প্রজ্ঞাপন

বগুড়া জেলার শিবগঞ্জ পৌরসভার মেয়র জনাব তৌহিদুর রহমান মানিক স্বেচ্ছায় পদত্যাগ করায় সরকার তথা স্থানীয় সরকার বিভাগ কর্তৃক স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(গ) অনুযায়ী বগুড়া জেলার শিবগঞ্জ পৌরসভার মেয়র এর পদ ২৮ নভেম্বর ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০৭২.১৪-১২৮৪ নং প্রজ্ঞাপন মূলে শূন্য ঘোষণা করা হয়।

২। এমতাবস্থায়, বগুড়া জেলার শিবগঞ্জ পৌরসভার নতুন মেয়রের কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪০(৩) অনুযায়ী উক্ত পৌরসভার প্যানেল মেয়র-১-কে উক্ত পৌরসভার প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাসহ মেয়র এর দায়িত্ব অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মাহবুবুর রহমান ভূঁইয়া)
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
E-Mail: lgpaura2@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০৭২.১৪-১২৮৪/১(১০)

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪৩০
২৮ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক, বগুড়া।
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্যানেল মেয়র-১, শিবগঞ্জ পৌরসভা, বগুড়া।
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. অফিস কপি।

(মোঃ মাহবুবুর রহমান ভূঁইয়া)
উপসচিব